96

দৈনিক ইত্তেফাক

তারিখ ..25 JAN 1996 ... ...
পৃষ্ঠা 2 কলাম .. 7 ...

## বা উ বি কর্তৃপক্ষ সমীপে

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বি এড প্রোগ্রামের ৩য় সেমিস্টারের পাঠসামগ্রী "বৃটিশ ভারতে শিক্ষা" পরিমার্জিত সংস্করণ : জুন ১৯৯৫ বইটিতে একই তথ্য একেক পৃষ্ঠায় একেক রকম ছাপা হইয়াছে। ৯৬ পৃষ্ঠার ভূমিকায় ১ম লাইনে বলা হইয়াছে, 'বৃটিশ ভারতের তিনটি প্রদেশে সর্বপ্রথম তিনটি বিশ্ববিদ্যালয় স্থাপিত হলো ১৮৫৭ সালে।' অথচ ৯৭ পৃষ্ঠার ১ম লাইনে বলা হইয়াছে, ১৯৫৭ সালে লণ্ডন বিশ্ববিদ্যালয়ের অনুকরণে কোলকাতা, বোম্বে ও মাদ্রাজ এই তিনটি শহরে প্রথমে বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়। '৯৬ পৃষ্ঠায় ভূমিকার ৪র্থ লাইনে বলা হইয়াছে, '১৮৮৯ সালে লণ্ডন বিশ্ববিদ্যায়য়ের সংস্কার সাধন করা হয়।' কিন্তু ৯৭ পৃষ্ঠার ২য় লাইনে বলা হইয়াছে '১৮৯৮ সালে লণ্ডন বিশ্ববিদ্যালয়ের সংস্কার সাধন করা হয়।' আবার ১০৪ পৃষ্ঠার ভূমিকায় বলা হইয়াছে, ১৯৭১ সালে ডঃ মাইকেল স্যাডলারের নেতৃত্বে কোলকাতা বিশ্ববিদ্যালয় কমিশন নিযুক্ত হয়, অথচ ১০৮ পৃষ্ঠার ১ম লাইনে বলা হইয়াছে, ১৯১৭ সালে কোলকাতা বিশ্ববিদ্যালয় কমিশন গঠন করা হয়। এই রকম আরো কিছু ভুল বইটিতে আছে। উচ্চশিক্ষার ক্ষেত্রে এই ধরনের ভুল থাকা বাঞ্ছনীয় নয়। এদিকে বা, উ,বি কর্তৃপক্ষ নিয়ম করিয়াছেন যে, কোন সেমিষ্টারের পরীক্ষা দিতে হইলে ঐ সেমিষ্টারের পাঠসামগ্রী অবশ্যই নির্ধারিত ফি জমা দিয়া সংগ্রহ করিতে হইবে। অথচ পুরাতন পাঠসামগ্রী সংগ্রহ করিয়াও পরীক্ষা দেওয়া যাইতে পারে। তাহাছাড়া বা, উ, বি, কর্তৃপক্ষ গরীব, শিক্ষার্থীদের কথা বিবেচনা না করিয়া কোর্স ফি ক্রমাগত বাড়াইয়া চলিয়াছেন। ইহাতে মনে হয় বা, উ, বি বাণিজ্যিক প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। তাই বা, উ, বি কর্তৃপক্ষের প্রতি নিবেদন, আপনারা পাঠসামগ্রী প্রকাশে আন্তরিক হউন এবং পুরাতন পাঠসামগ্রীর মাধ্যমে যাহাতে পরীক্ষা দেওয়া যায় তাহার ব্যবস্থা করুন।

—গৌতম চন্দ্র বালা, চন্দ্রহার বি/বি, গৌরনদী, বরিশাল।